দৈনিক ইত্তেফাক

তারিখ 15 NOV 1988

বাংলাদেশ শিক্ষা তথ্য ... ডকুমেন্টেশন কেন্দ্র



## শামসুল আরেফিন ঢাকা বোর্ডে বাণিজ্যে তৃতীয়

মোহাম্মদ শামসুল আরেফিন এবার এইচএসসি পরীক্ষায় বাণিজ্যিক বিভাগে সর্বমোট ৭৫৫ নম্বর পাইয়া ঢাকা বোর্ডে তৃতীয় স্থান করিয়াছে। এসএসসি পরীক্ষায়ও সে চারটি লেটারসহ ষ্টার মার্ক পাইয়া উত্তীর্ণ হইয়াছিল। তাহার পিতা মোহাম্মদ ইউসুফ আলী বাংলাদেশ সুগার এ্যাণ্ড ফুড ইণ্ডাষ্ট্রিজ করপোরেশনের একজন অবসরপ্রাপ্ত সিনিয়র পার্চেজ অফিসার।



## যশোর বোর্ডে ৭ম

ঝিনাইদহ সংবাদদাতা : যশোর বোর্ডে ১৯৮৮ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় ৭ম স্থান অধিকার করিয়াছে ঝিনাইদহ ক্যাডেট কলেজের মোঃ অহিদুল ইসলাম (রোল-১৪)। সে গণিত, পদার্থ বিদ্যা, রসায়ন ও প্রকৌশল অংকনে লেটারসহ মোট ৮৭৩ নম্বর পাইয়াছে। তাহার পিতা সৈয়দ আবদুল ওহাব খুলনার হাজী ইসমাইল রোডের বাসিন্দা। পেশায় একজন কৃষিজীবী। অহিদের শখ খেলাধুলা।



## যশোর বোর্ডে ৫ম

ঝিনাইদহ সংবাদদাতা : যশোর বোর্ডে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় (১৯৮৮) সম্মিলিত মেধা তালিকায় ৫ম স্থান অধিকার করিয়াছে ঝিনাইদহ ক্যাডেট কলেজের ক্যাডেট হাসান মাহমুদ রেজা (রোল ১৯)। সে গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও জীব বিজ্ঞানে লেটারসহ মোট ৮৮৮ নম্বর পাইয়াছে। তাহার পিতা মোঃ আবদুল বারী যশোরের বারীনগর বাজারের একজন ব্যবসায়ী। মাহমুদের শখ ছবি তোলা।



## গীতি চিকিৎসাবিদ হইতে চায়

আদিবা আঞ্জুম গীতি ১৯৮৮ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় রাজশাহী সরকারী কলেজ হইতে, রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় ১৬তম স্থান অধিকার করিয়াছে। গীতি ইতিপূর্বে একই বোর্ডের অধীনে ১৯৮৬ সালে মাধ্যমিক পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় ১৭তম স্থান অধিকার করিয়াছিল। গীতি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভূগোল বিভাগের অধ্যাপক জাফর রেজা খান ও রাজশাহী নিউ ডিগ্রী সরকারী কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপকা আকতার বানুর কন্যা। গীতি চিকিৎসাবিদ হইয়া আর্ত মানবতার সেবা করিতে চায়। সে দেশ ভ্রমণ করিতে ভালবাসে। ইতিমধ্যে সে যুক্তরাজ্য, কানাডা ও ভারতসহ অনেক দেশ ভ্রমণ করিয়াছে।



## যশোর বোর্ডে ১৯তম

বরিশাল প্রতিনিধির খবর : বরিশাল ক্যাডেট কলেজের রেজাউল মজিদ যশোর বোর্ডের এইচ এস সি পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় ১৯শ স্থান দখল করিয়াছে। সে গণিত, পদার্থ বিদ্যা, রসায়ন ও প্রকৌশলী অংকন বিষয়ে লেটার মার্কসহ মোট ৮৩৬ নম্বর পাইয়াছে।



## যশোর বোর্ডে একাদশ

ঝিনাইদহ সংবাদদাতা : যশোর বোর্ডে ৮৮ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় একাদশ স্থান অধিকার করিয়াছে ঝিনাইদহ ক্যাডেট কলেজের খান অহেদুজ্জামান (রোল-৩১)। সে গণিত, পদার্থ, রসায়ন ও প্রকৌশল অংকনে লেটারসহ মোট ৮৬০ নম্বর পাইয়াছে। সে খুলনা জেলার মৈশাঘুনি গ্রামের ব্যবসায়ী খান আতিয়ার রহমানের পুত্র। অহেদুজ্জামানের শখ গান শোনা।



## তারিক কম্পিউটার প্রকৌশলী হইতে চায়

বরিশাল প্রতিনিধি : যশোর বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় বরিশাল ক্যাডেট কলেজের তারিকুল ইসলাম অষ্টম স্থান অধিকার করিয়াছে। সে এস এসসি পরীক্ষায়ও একই ক্যাডেট কলেজ হইতে সম্মিলিত মেধা তালিকায় অষ্টম হইয়াছিল। ৪টি বিষয়ে লেটার মার্কসহ সে সর্বমোট ৮৬৭ নম্বর পাইয়াছে। বিষয়গুলি হইতেছেঃ গণিত, পদার্থ বিদ্যা, রসায়ন ও প্রকৌশলী অংকন। তা[illegible] কম্পিউটার ইঞ্জিনিয়ার হইতে চায়। সে শহরের লব্ধ প্রতিষ্ঠিত আইনজীবী মোসলেম আলী হাওলাদারের



## মোস্তাফিজ প্রকৌশলী হইতে চায়

( ইত্তেফাক রিপোর্ট )

ঢাকা কলেজের ছাত্র মোস্তাফিজুর রহমান ঢাকা বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় ১৪তম স্থান অধিকার করিয়াছে। ৪ বিষয়ে লেটারসহ তাহার প্রাপ্ত নম্বর ৮৯৫। জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তরের সাবেক নির্বাহী প্রকৌশলী হাসিবুর রহমানের পুত্র মোস্তাফিজ প্রকৌশলী হইতে চায়।

---

দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ... ডকুমেন্টেশন কেন্দ্র



## মহিউদ্দিন ঢাকা বোর্ডে কলা শাখায় অষ্টম

( ইত্তেফাক রিপোর্ট )

ঢাকা কলেজের মোঃ মহিউদ্দিন আহমদ (রোল ৭৭৮৬২) কলা শাখায় অষ্টম স্থান অধিকার করিয়াছে। তাহার মোট অর্জিত নম্বর ৮ শত ৪। সে ৪টি বিষয়ে লেটার মার্ক অর্জন করিয়াছে। মহিউদ্দিন ভবিষ্যতে আইন অধ্যয়ন করিয়া ব্যারিষ্টার হইতে চায়। মহিউদ্দিনের পিতা মোঃ মাহব্বৎ আলী বরিশাল জেলা হিসাব রক্ষণ অফিসের সুপারিনটেনডেন্ট। মা জাহানারা বেগম।



## শর্মিষ্ঠা ঢাকা বোর্ডে বাণিজ্য শাখায় অষ্টম

( ইত্তেফাক রিপোর্ট )

ঢাকা বোর্ডের এইচ এস সি পরীক্ষায় বাণিজ্য শাখায় অষ্টম স্থান অধিকারী শর্মিষ্ঠা ভট্টাচার্য মার্কেটিং ব্যবস্থাপনায় গবেষণায় আগ্রহী। সে ইউনিভার্সিটি ফেডারেশন কলেজ হইতে পরীক্ষায় অংশ নেয়। তাঁহার পিতা ডঃ দুর্গাদাস ভট্টাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক।



## তাহমিনা ঢাকা বোর্ডে বিজ্ঞান বিভাগে অষ্টম

( ইত্তেফাক রিপোর্ট )

হলিক্রস কলেজের আয়েশা তাহমিনা হক ঢাকা বোর্ডে বিজ্ঞান বিভাগের মেধা তালিকায় অষ্টম স্থান অধিকার করে। তাহমিনা মৎস্য উন্নয়ন সংস্থার চেয়ারম্যান ব্রিগেডিয়ার (অবঃ) সিরাজুল হক ও তীতুমীর কলেজের সহযোগী অধ্যাপিকা ফরিদা হকের কনিষ্ঠা কন্যা।



## শরমিলা ঢাকা বোর্ডে বাণিজ্য বিভাগে প্রথম

ইউনিভার্সিটি উইমেন্স ফেডারেশন কলেজের ছাত্রী শর্মিলা খান এবারে ঢাকা বোর্ডে অনুষ্ঠিত এইচ-এস-সি পরীক্ষায় বাণিজ্য বিভাগে প্রথম স্থান লাভ করিয়াছে।

বুককিপিং এ্যাকাউন্টেন্সী এবং শর্টহ্যাণ্ড টাইপিং লেটার মার্কসহ তাহার মোট প্রাপ্ত নম্বর ৭৭৩। ভবিষ্যতে সে একজন সফল ব্যবসা ব্যবস্থাপক হওয়ার আশা পোষণ করে। শর্মিলার বাবা মরহুম মোঃ ইসমাইল খান বি,আই,ডি,সি'র ডেপুটি চীফ এ্যাকাউন্টেন্ট ছিলেন। মা মিসেস জাহানারা ইসমাইল বাংলাদেশ শিপিং কর্পোরেশনে কর্মরতা। খেলাধুলা প্রিয় শর্মিলা বি,টি-এম,সি'র একজন নিয়মিত জিমন্যাষ্ট—১৯৮৪ ও ১৯৮৫ সালে জাতীয় পর্যায়ে রানার্স আপ হয়।



## আবদুল হালিম ঢাকা বোর্ডে কলা শাখায় তৃতীয়

(ইত্তেফাক রিপোর্ট)

দরিদ্র ঘরের সন্তান মোঃ আবদুল হালিম অন্যের বাড়ীতে লজিং থাকিয়া লেখাপড়া করিয়া ঢাকা বোর্ডের এইচ,এস,সি পরীক্ষায় কলা শাখায় তৃতীয় স্থান অধিকার করিয়াছে। বরাবরই ভাল ছাত্র হালিমের মোট নম্বর ৮৪১। সে ঢাকা কলেজ হইতে পরীক্ষায় অবতীর্ণ হয়। নগরীর ২০, ওয়ার ষ্ট্রীটের আলী আহাম্মদের ৬ ছেলে-মেয়েকে পড়াইবার বিনিময়ে সে সেখানে আশ্রয় পাইয়াছে। বাহিরে আরও দুইটি টিউশনি করিয়া সে প্রতিমাসে গ্রামের বাড়ীতে বাবা-মাকে টাকা পাঠায়। জেদি হালিম দারিদ্র্যের কাছে পরাভব মানিতে রাজী নহে।



## এহসানুল করীম ঢাকা বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় ৭ম

( ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা কলেজের ছাত্র মোহাম্মদ এহসানুল করিম (রোল ঢাকা-৭৪২৬) ঢাকা বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় ৭ম স্থান অধিকার করিয়াছে। ৪টি বিষয়ে লেটারসহ তাহার মোট প্রাপ্ত নম্বর ৯০৬। ঢাকার সিদ্ধেশ্বরী মহাবিদ্যালয়ের অধ্যাপক আনোয়ারুল করিম ও বেগম ফরিদা আনোয়ারের জ্যেষ্ঠ পুত্র এহসানুল করিম ভবিষ্যতে কম্পিউটার প্রকৌশলী হইতে আগ্রহী।



## শারমিন গার্হস্থ্য অর্থনীতিতে দ্বিতীয়

সাজেদা আক্তার খানম (শারমিন) রোল নং ম-১০২১৫৪ গার্হস্থ্য অর্থনীতিতে ৭০২ নম্বর পাইয়া দ্বিতীয় স্থান অধিকার করিয়াছে। সে খাদ্য ও পুষ্টি বিজ্ঞানে উচ্চতর শিক্ষা গ্রহণ করিতে ইচ্ছুক। চিত্র অঙ্কনে ও নভেল পাঠ করা তাহার সখ। শারমিন হিসাব নিরীক্ষা পরিচালকের অফিস (পূর্ত)-এর নিরীক্ষা ও হিসাব রক্ষণ অফিসার মোহাম্মদ আলীর ৩য়া কন্যা।



## মাশরুর যশোর বোর্ডে কলা বিভাগে দ্বিতীয়

আমাদের বরিশাল প্রতিনিধি জানান : মাশরুর আরেফিন যশোর বোর্ডের এইচএসসি পরীক্ষায় কলা বিভাগে দ্বিতীয় স্থান অধিকার করিয়াছে। বরিশাল ক্যাডেট কলেজের এই ছাত্র ভূগোল, পরিসংখ্যান ও পৌরনীতিতে লেটারমার্কসহ সর্বমোট ৮০৫ নম্বর পাইয়াছে। সে এসএসসি পরীক্ষায় একই ক্যাডেট কলেজ হইতে ষ্টার মার্কসহ প্রথম বিভাগে উত্তীর্ণ হয়। সে আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ে পড়াশুনায় আগ্রহী। তাহার পিতা এম,এ, কাসেম খাদ্য বিভাগীয় একজন কর্মকর্তা।



## দুইবোনের কৃতিত্ব

ঢাকা মেডিকেল কলেজের কমিউনিটি মেডিসিনের অধ্যাপক ডাঃ মোঃ খবির উদ্দিন ও নূরজাহান বেগমের প্রথমা ও দ্বিতীয়া কন্যা খুরশিদা জাহান ও নিলুফার জাহান চলতি বৎসর এইচ, এস, সি পরীক্ষায় গার্হস্থ অর্থনীতি বিভাগ হইতে যথাক্রমে তৃতীয় ও চতুর্থ স্থান অধিকার করিয়াছে।



## হাসান শহীদ নৌ-বাহিনীতে যোগদানে ইচ্ছুক

আমাদের বরিশাল প্রতিনিধি জানান : যশোর শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় বরিশাল ক্যাডেট কলেজের হাসান শহীদ তৃতীয় স্থান অধিকার করিয়াছে। সে গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও প্রকৌশলী অংকন বিষয়ে লেটার মার্কসহ সর্বমোট ৯০২ নম্বর পাইয়াছে। হাসান শহীদ এসএসসি পরীক্ষায় একই ক্যাডেট কলেজ হইতে সম্মিলিত মেধা তালিকায় তৃতীয় হইয়াছিল। প্রাইমারী বিদ্যালয়ের শিক্ষক মোহম্মদ ইসমাইল সিকদারের পুত্র হাসান বাংলাদেশ নৌ-বাহিনীতে যোগদানের ইচ্ছা পোষণ করে।



## সারোয়ার কম্পিউটার প্রকৌশলী হইতে চায়

নারায়ণগঞ্জ সংবাদদাতা জানান, সিলেট ক্যাডেট কলেজের ছাত্র আবুল কালাম সারোয়ার কুমিল্লা বোর্ডে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় ৬ষ্ঠ স্থান লাভ করিয়াছে। চারটি বিষয়ে লেটারসহ সারোয়ারের প্রাপ্ত নম্বর ৮৮০। ১৯৮৬ সালে সারোয়ার এস এস সি পরীক্ষায় কুমিল্লা বোর্ড হইতে যুগ্মভাবে প্রথম হইয়াছিল। অসুস্থতার কারণে এইবার পরীক্ষা খারাপ হয়। নারায়ণগঞ্জের ৩৪ উত্তর চাষাড়াস্থ আবদুল কাদেরের পুত্র আবুল কালাম সারোয়ার ভবিষ্যতে একজন কম্পিউটার প্রকৌশলী হইতে আগ্রহী। সে নিয়মিত ৬ ঘন্টা পড়াশুনা করিত।